

B.A. 3rd Semester (Honours) Examination, 2019 (CBCS)

Subject : Bengali

Paper : CC-7

Time: 3 Hours

Full Marks: 60

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।
পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দিতে হবে।

১. যে কোনো দশটি প্রশ্নের উত্তর দাওঃ

২×১০=২০

- (ক) কোন কাব্যের আদর্শে 'বীরাস্তনা কাব্য' রচিত হয়েছে এবং সেই কাব্যটি কার লেখা?
- (খ) "রসের সাগর তুমি, ভাবি দেখ মনে"— 'রসের সাগর'-কে? চরণটি যে পত্রিকার, তার পুরো নাম লেখো।
- (গ) "মুদিত কুমুদীরূপে আজি সায়ংকালে;
তুষ্টিও দাসীরে আসি শশধর-বেশে"— কথাগুলির প্রসঙ্গ নির্দেশ করো।
- (ঘ) "কিন্তু পূর্বকথা এবে স্মর, নরমণি!"— বক্তা কে? কোন পূর্বকথা স্মরণ করতে বলা হয়েছে?
- (ঙ) 'সারদামঙ্গল' কাব্যটি প্রথম কোন পত্রিকায় কবে প্রকাশিত হয়?
- (চ) "হে যোগেন্দ্র! যোগাসনে ঢুলু ঢুলু দুনয়নে"— উক্তিটির বক্তা কে? 'যোগেন্দ্র' বলতে কাকে বোঝানো হয়েছে?
- (ছ) 'সারদামঙ্গল'-এর আখ্যানপত্রে উল্লিখিত শ্লোকটি কার লেখা, কোন গ্রন্থ থেকে সংগৃহীত?
- (জ) 'সারদামঙ্গল' কাব্যে উল্লিখিত ত্রিবিধ বিরহ কী কী?
- (ঝ) "হা দেবী, হা দেবী" বলি গুঞ্জরি কাঁদবে অলি/নীরবে হরিণীবালা ভাসিবে নয়নজলে"— অলি ও হরিণীবালার ত্রন্দনের কারণ কী?
- (ঞ) "তমসা আকুল হয়ে কাঁদে উভরায়"— 'উভরায়' শব্দের অর্থ কী? তমসার আকুল কাম্মার কারণ কী?
- (ট) "গত রাতে অভিনিমু"— কে অভিনয় করার কথা বলেছেন? নাটকটির নাম কী?
- (ঠ) "জনম মম মহাঋষিকুলে, তবু চণ্ডালিনী আমি"— বক্তা নিজেকে চণ্ডালিনী বলেছেন কেন?
- (ড) "জনক জননী/তাজিলা শৈশবে মোরে না জানি, কি পাপে?"— বক্তা কে? তার জনক-জননী কে?
- (ঢ) "সহসা ললাটভাগে, জ্যোতিষ্ময়ী কন্যা জাগে"— জ্যোতিষ্ময়ী কন্যাটি কে? কার ললাটে জ্যোতিষ্ময়ী কন্যার আবির্ভাব ঘটেছে?
- (ণ) "মহান উদার সৃষ্টি প্রকৃতি তোমার"— 'সারদামঙ্গল' অনুসরণে এই মহান উদার সৃষ্টির বর্ণনা দাও।

২. যে কোনো চারটি প্রশ্নের উত্তর দাওঃ

৫×৪=২০

- (ক) "আশীর্বাদ-ছলে মনে নমিতাম আমি!"— উক্তিটির বক্তা কে? আলোচ্য অংশ অবলম্বনে বক্তার মনোভাবটি বিশ্লেষণ করো।
১+৪=৫
- (খ) "জানি আমি কহে লোকে রথীকুলপতি পার্থ। মিথ্যা কথা; নাথ!"— 'নাথ' কে? 'রথীকুলপতি' হিসেবে পার্থর মিথ্যে পরিচয় তুলে ধরতে বক্তা কোন কোন উদাহরণ দিয়েছেন তা লেখো।
১+৪=৫
- (গ) সূৰ্ণখার বীরাস্তনাসত্তার পরিচয় দাও। প্রসঙ্গত পত্রিকাটি কাব্যের কতসংখ্যক পত্রিকা তা উল্লেখ করো।
১+৪=৫

- (ঘ) 'সারদামঙ্গল' কাব্যের নামকরণে 'মঙ্গল' শব্দটি ব্যবহারের তাৎপর্য আলোচনা করো। ৫
- (ঙ) 'সারদামঙ্গল' কাব্যে সংস্কৃত সাহিত্যের কোন কোন কবির প্রভাব লক্ষ্য করা যায় তা উল্লেখ করে, কাব্যের প্রথম সর্গে কবি উষামূর্তির যে চিত্র অঙ্কন করেছেন তার স্বরূপ নির্ণয় করো। ২+৩=৫
- (চ) নন্দনকানন বলতে কী বোঝায়? 'সারদামঙ্গল' কাব্যের দ্বিতীয় সর্গে কবি নন্দনকাননের যে বর্ণনা দিয়েছেন তা তোমার ভাষায় লেখো। ১+৪=৫
৩. নীচের প্রশ্ন দুটির উত্তর দাওঃ ১০×২=২০
- (ক) 'বীরঙ্গনা কাব্য'-এর নামকরণের সার্থকতা বিচার করো। ১০
- অথবা,
- "তারার প্রেমে রয়েছে প্রথানুগতের বিরুদ্ধে তীর বিদ্রোহ"— ব্যাখ্যা করো। আলোচ্য পত্রিকাটির উৎস লেখো। ৮+২=১০
- (খ) "বিহারীলালই প্রকৃত অর্থে প্রথম রোমান্টিক বাঙালি কবি"— 'সারদামঙ্গল' কাব্যে অবলম্বনে মন্তব্যটির যৌক্তিকতা বিচার করো। ১০
- অথবা,
- 'সারদামঙ্গল' কাব্যে ত্রিকালের সারদার যে পরিচয় আছে তার স্বরূপ আলোচনা করো। কাব্যটির স্তবক সংখ্যা উল্লেখ করো। ৯+১=১০